# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পোস্টমাস্টার জেনারেল এর কার্যালয়-৬২০৩
ওয়েবসাইট:www.bdpost.gov.bd
ওয়েবসাইট: www.post.rajshahidiv.gov.bd

ডিজিটাল বাংলাদেশ
Digital Bangladesh

# সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নম্বর: ১৪.৩১.৮১০০.৩১১.১১.০০১.১৮(লুজ)

| তারিখ: | ২৫ আগস্ট, ২০২২ খ্রিষ্টাব্দ |
|---|---|
| | ১০ ভাদ্র, ১৪২৯ বঙ্গাব্দ |

ডাক অধিদপ্তরের অধীনস্ত পোস্টমাস্টার জেনারেল, উত্তরাঞ্চল, রাজশাহী'তে "বাংলাদেশ পোস্ট অফিস (গেজেটেড ও নন গেজেটেড কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫" অনুসরণে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত পদে সরাসরি জনবল নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শর্ত সাপেক্ষে প্রকৃত বাংলাদেশী নাগরিকগণের নিকট হতে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| ক্রমিক | পদের নাম ও বেতন স্কেল (জা: বে: স্কে: ২০১৫ অনুযায়ী) | শূন্য পদের সংখ্যা | বয়স (০১/০৭/২০২২ খ্রিঃ পর্যন্ত) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার অধিবাসীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | পরিচ্ছন্নতা কর্মী(সুইপার) (গ্রেড-২০) (৮২৫০-২০০১০) | ০৪ | ১৮-৩০ বছর | (ক) অষ্টম শ্রেণী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) মোট পদের শতকরা ৮০% জাত হরিজনদের জন্য বরাদ্দ থাকিবে এবং জাত হরিজন প্রার্থী পাওয়া না গেলে সেইসকল পদ সাধারণ প্রার্থীদের দ্বারা পূরণ করা যাইবে। | রাজশাহী ও রংপুর প্রশাসনিক বিভাগের সকল জেলা (সিরাজগঞ্জ জেলার চৌহালী এবং কুড়িগ্রাম জেলার রাজীবপুর ও রৌমারী উপজেলা ব্যতীত) |

***** জাত হরিজন সম্প্রদায়ভুক্ত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সনদ দাখিল করতে হবে।**

*** যে সকল প্রার্থী ইতঃপূর্বে গত ১০ নভেম্বর, ২০২১ খ্রিঃ তারিখে সমনথির স্মারক নং ১৪.৩১.৮১০০.৩১১.১১.০০১.১৮ মোতাবেক পরিচ্ছন্নতা কর্মী পদে আবেদন করেছিলেন তাদের নতুন করে পুনরায় আবেদন করার প্রয়োজন নেই এবং তাদের প্রার্থীতা পূর্বের দাখিলকৃত আবেদন অনুযায়ী বিবেচনা করা হবে।

০২। ০১ নং ক্রমিকে বর্ণিত পদে নিয়োগ লাভের জন্য যোগ্য প্রার্থীগণকে বাংলা, ইংরেজি, গণিত ও সাধারণ জ্ঞান বিষয়ে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষার স্থান, বিষয় ও সময়সূচি পরবর্তীতে http://pmgnc.teletalk.com.bd, অথবা ওয়েবসাইট: www.bdpost.gov.bd, অথবা ওয়েবসাইট: www.post.rajshahidiv.gov.bd ওয়েব সাইট/জাতীয় দৈনিক পত্রিকা/এসএমএস এর মাধ্যমে জানানো হবে।

০৩। **শর্তাবলী:**

(ক) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে।

(খ) প্রার্থীর বয়স ০১.০৭.২০২২ খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ ও সর্বোচ্চ ৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধার পুত্র কন্যা/প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২ বছর। কিন্তু মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র কন্যাদের (নাতি-নাতনিদের) বয়সের উর্ধ্বসীমা ৩০ বছর। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৪। **অনলাইনে আবেদনপত্র পুরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://pmgnc.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন।

আবেদনের সময়সীমা নিম্নরূপ:

১. online-এ আবেদন পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ৩০/০৮/২০২২ খ্রি. সকাল-১০:০০ টা হতে।

২. online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২০/০৯/২০২২ খ্রি. বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত।

উক্ত সময় সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র Submit এর সময় হতে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) online-এ আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) ও রঙ্গীন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির ফাইল সাইজ সর্বোচ্চ ১০০ কিলোবাইট এবং স্বাক্ষরের ফাইল সাইজ সর্বোচ্চ ৬০ কিলোবাইট হতে হবে।

(গ) online-এ আবেদনপত্র পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু online-এ আবেদনপত্র Submit করার পূর্বে পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী online-এ পূরণকৃত আবেদনপত্রের রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক ডকুমেন্ট হিসাবে আবশ্যিকভাবে সংরক্ষণ করবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: online-এ আবেদন (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে।
নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন করা প্রার্থীগণ নিজ ছবি, স্বাক্ষর এবং User ID যুক্ত একটি Applicant's কপি প্রাপ্ত হবেন। এই User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS প্রেরণ করে পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬/- টাকা সহ মোট ৫৬/- (ছাপান্ন) টাকা মাত্র অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা প্রদান করবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত online-এ Submit কৃত আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**SMS এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদান পদ্ধতি:**

**প্রথম SMS:** PMGNC<space>User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে।
Example: PMGNC ABCDEF
Reply: Applicant's Name, Tk.56 Will be charged as application fee. Your PIN is 12345678.
To pay fee Type PMGNC<space> yes<space>PIN লিখে Send করতে হবে 16222 তে।

**দ্বিতীয় SMS:** PMGNC<space> yes<space>PIN লিখে Send করতে হবে 16222 তে।
Example: PMGNC Yes 12345678
Reply: Congratulations! Applicant's Name, payment completed successfully for PMGNC Application for post XXXXXXXXXX User ID is (ABCDEF) and Password (X X X X X X X X X X).

(চ) প্রবেশ পত্র প্রাপ্তির বিষয়টি http://pmgnc.teletalk.com.bd ওয়েবসাইট: www.bdpost.gov.bd ওয়েবসাইট: www.post.rajshahidiv.gov.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। online-এ আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করতে হবে।

(জ) শুধু মাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

1. User ID জানা থাকলে PMGNC<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: PMGNC Help User ABCDEF& Send to 16222.
2. PIN Number জানা থাকলে PMGNC<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: PMGNC Help PIN 12345678& Send to 16222.

০৫। আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেভাবে লিখা রয়েছে অনলাইন আবেদন ফরমে এবং পরবর্তীতে হুবহু সেভাবে লিখতে হবে।

০৬। মুদ্রিত/হস্তলিখিত কোন প্রকার আবেদন বা কাগজপত্র ডাকযোগে বা অন্য কোন উপায়ে প্রেরণ করা হলে তা গ্রহণযোগ্য হবে না।

০৭। কেবলমাত্র সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অনলাইন আবেদন পত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে এবং অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের লিখিত অনাপত্তি ছাড়পত্র গ্রহণ পূর্বক পরীক্ষায় অংশগ্রহন করতে হবে, যার মূল কপি মৌখিক পরীক্ষার সময় জমা দিতে হবে।

০৮। নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক ঘোষিত সকল কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

৯। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যাতিরেকে বাতিল করা হবে।

১০। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা আবেদনের যে কোন পর্যায়ে বাতিল করা হবে ভুল/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূল কপি প্রদর্শন পূর্বক প্রতিটির একটি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র।

(খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ডের বাসিন্দা সেই ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র;

(গ) জাতীয় পরিচয় পত্র।

(ঘ) মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হিসাবে চাকুরী প্রার্থীকে মুক্তিযোদ্ধা পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদপত্র (ঙ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরী প্রার্থীকে সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদপত্র দিতে হবে। আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এর স্বপক্ষীয় প্রমাণক হিসাবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/সিটি কর্পোরেশন/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ দিতে হবে।

(ঙ) এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী কোটার সকল প্রার্থীদের উপযুক্ত কর্তৃপক্ষের নিকট হতে সনদপত্র দাখিল করতে হবে।

(চ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের ক্ষেত্রে জেলা প্রশাসক/জেলা আনসার এডজুটেন্ট এর সত্যায়িত সার্টিফিকেট দাখিল করতে হবে।

(ছ) জাত হরিজন সম্প্রদায়ভুক্ত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সনদ দাখিল করতে হবে।

(জ) পদের বিপরীতে রিট/কনটেম্পট মামলা থাকলে মহামান্য আদালতের সিদ্ধান্ত মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

(ঝ) অন্যান্য কোটার ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(ঞ) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy) দাখিল করতে হবে।

১১। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য পোস্টমাস্টার জেনারেল, উত্তরাঞ্চল, রাজশাহীর ওয়েবসাইট: www.post.rajshahidiv.gov.bd অথবা ডাক অধিদপ্তরের ওয়েবসাইটে www.bdpost.gov.bd পাওয়া যাবে।

১২। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত শূন্য পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৫। অনিবার্য কারণে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৬। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৭। নিয়োগের ক্ষেত্রে যে কোন প্রকার সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১৮। চাকুরি প্রাপ্তির আশ্বাসে প্রলোভিত হয়ে কোন ব্যক্তি/দালাল/প্রতারক চক্রের সাথে আর্থিক লেনদেন করা হতে বিরত থাকুন।

১৯। অনলাইনে আবেদন সম্পন্ন করতে কোনরূপ সমস্যা হলে নিকটস্থ টেলিটক কাস্টমার কেয়ার সেন্টারে যোগাযোগ অথবা যেকোন টেলিটক মোবাইল নম্বর হতে ১২১ এ ফোন অথবা vas.query@teletalk.com.bd এ ই-মেইল করা যেতে পারে।

২০। উপরে উল্লেখ করা হয়নি এরূপ কোন বিষয়ের উদ্ভব হলে সেক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

*** শেষ তারিখের জন্য অপেক্ষা না করে পর্যাপ্ত সময় নিয়ে সর্তকতার সাথে নিজে অনলাইনে যথাযথ ভাবে আবেদন পত্র পূরণ করুন এবং নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ফি সহ জমাদান প্রক্রিয়া সম্পন্ন করুন। যথাযথ নিয়ম মেনে পরীক্ষায় অংশ গ্রহণ করুন এবং নিয়োগপ্রাপ্ত হয়ে বাংলাদেশ ডাক বিভাগের মাধ্যমে দেশ সেবার পবিত্র সুযোগ লাভ করুন।**

(শরীফ লতীফ)
ডেপুটি পোস্টমাস্টার জেনারেল (সঞ্চয়)
পোস্টমাস্টার জেনারেল এর কার্যালয়
উত্তরাঞ্চল, রাজশাহী ও
সদস্য-সচিব
নিয়োগ/বাছাই কমিটি।

স- ২০২০ (২০ x ৪)